

দিনাজপুর জুবিলী উচ্চ বিদ্যালয়

বার্ষিক পরীক্ষা-২০২০

শ্রেণি : তৃতীয়

বিষয় : বাংলাদেশ ও বিশ্ব পরিচয়

সময় : ২ ঘণ্টা ৩০ মিনিট

পূর্ণমান : ১০০

১। নিচের প্রশ্নগুলোর সংক্ষেপে উত্তর দাও :

১৫ × ২ = ৩০

- ক) নীতিহীন কাদের বলে ?
খ) পৃথিবীর কতভাগ স্থল ও কত ভাগ জল ?
গ) সবচেয়ে বড় ও সবচেয়ে ছোট মহাসাগর কোনটি ?
ঘ) বাংলাদেশের প্রধান অর্থকরী সম্পদ কী কী ?
ঙ) পৃথিবীতে বিরল ঘটনা কী ?
চ) বঙ্গবন্ধু স্বপরিবারে কত সালে মৃত্যুবরণ করেন ?
ছ) সমাজ বলতে কী বোঝায় ?
জ) শিশুর তিনটি বিশেষ অধিকার লেখ। এগুলো না পেলে কী হবে ?
ঝ) বাংলাদেশের পাঁচটি পেশার নাম লিখ।
ঞ) মহাসাগর কাকে বলে ?
ট) আমাদের যাতায়াতের প্রধান পথ কী? নদীপথে মানুষ কীভাবে যাতায়াত করে ?
ঠ) কোন ধরনের পরিবারে দৈনন্দিন প্রয়োজনগুলো সহজে মিটানো যায় ?
ড) সামাজিক পরিবেশ কাকে বলে ?
ঢ) বাবা মার প্রতি শিশুর কর্তব্যগুলো কী ?
ণ) আমাদের খাদ্যের জন্য কৃষক কী কী চাষ করেন ?

২। শূন্যস্থান পূরণ কর : (যেকোনো ১২টি)

১২ × ১ = ১২

- ক) সকলে প্রতিদিন নানারকম কাজ করেন।
খ) ভারত বাংলাদেশের অবস্থিত।
গ) বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ১৭ই মার্চ করেন।
ঘ) পৃথিবী দেখতে।
ঙ) মেঘনা নদী দক্ষিণে পড়েছে।
চ) বাংলাদেশের অধিকাংশ স্থান ভূমি।
ছ) বঙ্গবন্ধুর মায়ের নাম।
জ) ১লা বৈশাখ বাংলা নববর্ষের পালন করি।
ঝ) আমাদের জাতীয় পতাকার দৈর্ঘ্য ও প্রস্থের ১০ঃ৬।
ঞ) ২১শে ফেব্রুয়ারী শহিদদের স্মরণ করে শহিদ মিনারে দেওয়া হয়।
ট) অধিকার ভোগের পাশাপাশি পরিবারের প্রতি আমাদের কিছু আছে।

- ঠ) পরিবারের সকলে প্রতিদিন নানা রকম করেন।
 ড) স্কুলের পড়া শেষে মুজিব কলিকাতার কলেজে ভর্তি হন।
 ঢ) পহেলা বৈশাখ বাঙালিদের প্রধান উৎসব।

৩। বামপাশের কথাগুলোর সাথে ডানপাশের কথাগুলো মিল করে খাতায় লিখ: $৫ \times ২ = ১০$

বামপাশ	ডানপাশ
ক) বাংলাদেশের বর্তমান জনসংখ্যা প্রায়	গাছপালা।
খ) ওশানিয়া অস্ট্রেলিয়া	করে থাকি।
গ) প্রাকৃতিক পরিবেশের উপাদান হচ্ছে	পরিবেশের উপাদান।
ঘ) আমরা মাঠে খেলাধুলা	মহাদেশ বলে।
ঙ) রাষ্ট্রের প্রতি কর্তব্য পালনে স্বাধীনতা	মহাদেশকে বলা হয়।
	রক্ষা করা উচিত।
	১৪ কোটি ৯৭ লক্ষ।

৪। নিচের প্রশ্নগুলোর উত্তর লিখ : (যেকোনো ৮টি) $৬ \times ৮ = ৪৮$

- ক) কী দূষিত হলে ডায়রিয়া রোগ ছড়ায়? মাটি দূষনের ফলে সৃষ্ট তিনটি সমস্যার উল্লেখ করো। পরিবেশের কী দূষিত হলে শ্বাস কষ্ট হয় ?
- খ) বাংলাদেশের রাজধানীর নাম কী? বাংলাদেশের কয়টি বিভাগ আছে ? সবচেয়ে বড় ও সবচেয়ে ছোট বিভাগের নামসহ আরও একটি বিভাগের নাম লিখ।
- গ) তোমার এলাকার কৃষি জমিতে অনেক ধরনের ফসল উৎপাদন হয়। উক্ত ফসলকে কয়ভাগে ভাগ করা হয়। তাদের নাম লিখ। উভয় ধরনের ৪টি করে ফসলের নাম লিখ।
- ঘ) সুমির পরণের জামাটি ছিড়ে গেছে। পরিবারের নিকট থেকে সুমি এখন কী অধিকার ভোগ করবে? ৫টি বাক্যে লিখ।
- ঙ) তাঁতি কী দিয়ে কাপড় তৈরি করেন? কী দিয়ে পোশাক তৈরি হয় এবং কে এটি তৈরি করেন? নতুন পোশাক পেলে তোমার কেমন লাগে তা দুটি বাক্যে লিখ।
- চ) বাংলাদেশের সম্পদকে প্রধানত কত ভাগে ভাগ করা যায়? বাংলাদেশের দুটি অর্থকরী ফসলের নাম লিখ। তাছাড়া অন্য যেকোনো দুটি প্রধান খাদ্যশস্যের নাম লিখ।
- ছ) ঘরবাড়ি, বিদ্যালয়, রাস্তাঘাট ইত্যাদি মানুষ তার ব্যবহারের জন্য তৈরি করেছে। এগুলো হলো সামাজিক পরিবেশের উপাদান। এরকম আরও দুটি উপাদানের নাম লিখ। সামাজিক পরিবেশের যেকোনো চারটি উপাদানের ব্যবহার উল্লেখ করো।
- জ) “জন্ম নিবন্ধন” শিশুর কোন ধরনের অধিকার? এ ধরনের আরও দুটি অধিকারের নাম লিখ। শিশুদের জন্ম সারা বিশ্বে কোন দিবস পালন করা হয় এবং তা বছরের কোন সময় পালন করা হয়?
- ঝ) তুমি সব সময় সত্য কথা বলো, অন্যকে বিপদে সাহায্য করো। সত্য কথা বলা কি ধরনের কাজ? এ ধরনের কাজের আরও ৪টি উদাহরণ দাও।
- ঞ) বাংলাদেশের সম্পদকে প্রধানত কত ভাগে ভাগ করা যায়? বাংলাদেশের দুটি অর্থকরী ফসলের নাম লিখ। তাছাড়া অন্য যে কোনো দুটি প্রধান খাদ্যশস্যের নাম লিখ।